

Ref: USCL/MHA/Vol-1/21/0026

তারিখ: ২৬ জুলাই, ২০২১ ইং

সচিব,
সুরক্ষা সেবা বিভাগ,
স্বরাষ্ট্র মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়,
ঢাকা-১০০০।

বিষয়: ইউনাইটেড সালফো-কেমিক্যালস্ লিঃ কর্তৃক সালফোনেশন প্ল্যান্টের উৎপাদন লাইসেন্স প্রদানের জন্য আবেদন।


মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য সবিনয়ে জানাচ্ছি যে, ইউনাইটেড সালফো কেমিক্যালস্ লিঃ কর্তৃক সরকার মার্কেট, আশুলিয়া, সাভার উপজেলার অন্তর্গত ইয়ারপুর ইউনিয়ন পরিষদের ৭৩ নং পূর্ব নরসিংহপুর মৌজায় সালফোনেশন কেমিক্যাল প্ল্যান্ট স্থাপন প্রক্রিয়াধীন আছে। শীঘ্রই সালফোনেশন কেমিক্যাল প্ল্যান্টটি পরীক্ষামূলক এবং বাণিজ্যিকভাবে উৎপাদনে যাচ্ছে। বাণিজ্যিকভাবে উৎপাদনের জন্য আপনার দপ্তর থেকে উৎপাদন লাইসেন্স প্রয়োজন।

উল্লেখ্য যে, উৎপাদন লাইসেন্সের জন্য নির্ধারিত ফি ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকার একটি পে-অর্ডার (পে-অর্ডার নং- , তারিখ: জুলাই ২০২১, পূবালী ব্যাংক লিমিটেড কর্তৃক ইস্যুকৃত) পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

অতএব, ইউনাইটেড সালফো কেমিক্যালস্ লিঃ কর্তৃক সালফোনেশন কেমিক্যাল প্ল্যান্টটি বাণিজ্যিকভাবে উৎপাদন শুরু করার জন্য আপনার দপ্তর থেকে উৎপাদন লাইসেন্স প্রদানের জন্য বিনীত অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,



এম দেলোয়ার হোসেন
ব্যবস্থাপনা পরিচালক

সংযুক্তি:

১. নির্ধারিত ছকে আবেদন।
২. এসিড উৎপাদনের লাইসেন্সের ছায়ালিপি।
৩. শিল্প মন্ত্রণালয়ের প্রত্যয়নপত্রের সত্যায়িত ছায়ালিপি।
৪. আবেদন ফি, পে-অর্ডার টাকা ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত)।
৫. সিকিউরিটি বন্ড।
৬. ভ্যাট নিবন্ধন পত্রের সত্যায়িত ছায়ালিপি।
৭. আয়কর প্রত্যয়নপত্রের সত্যায়িত ছায়ালিপি।
৮. ট্রেড লাইসেন্সের সত্যায়িত ছায়ালিপি।
৯. ফায়ার লাইসেন্সের সত্যায়িত ছায়ালিপি।
১০. কেমিস্টের নিয়োগপত্র।
১১. নির্ধারিত ছকে আমদানিকৃত এসিডের হিসাব বিবরণী।

ফোন: ২২২৮৮ - ৯৯৯৯৯৯ - ০১৭১৪ ০০১৫২৭
- ফিস্টিন ২৬, ০১৭১২-৬৩৪৪৬৫ forhad.mazumden@united.com.bd